



ডি,ও,নং-


তারিখ :

## শোকবার্তা

কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের বিসিএস(কৃষি) ক্যাডার ২০ তম ব্যাচের কর্মকর্তা জনাব মোঃ আব্দুল মোন্নাফ, জেলা বীজ প্রত্যয়ন অফিসার, সুনামগঞ্জ চাকুরীরত অবস্থায় গত ১৮/০৮/২০২১ খ্রিঃ দিবাগত রাত ০৯.৩০ টায় হৃদরোগে আক্রান্ত হয়ে ময়মনসিংহ মেডিক্যাল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ৫২ বছর ৬ মাস বয়সে মৃত্যুবরণ করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তিনি স্ত্রী ও দুই মেয়েসহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

তঁার মৃত্যুতে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারীগণ গভীরভাবে মর্মান্বিত ও শোকাহত। মরহুম মোঃ আব্দুল মোন্নাফ তার সুদীর্ঘ চাকুরীকালে বিভাগীয় বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে অধিষ্ঠিত থেকে কৃষি উন্নয়নে উল্লেখযোগ্য অবদান রেখেছেন। আমরা তঁার অতীত গৌরব উজ্জ্বল স্মৃতির কথা গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করছি।

কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের পক্ষ হতে আমরা মরহমের শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জানাচ্ছি এবং মহান আল্লাহতা'আলার নিকট তঁার বিদেহী আত্মার মাগফেরাত কামনা করছি।

  
(মোঃ আসাদুল্লাহ)  
মহাপরিচালক